সমকাল

তারিখ . 17 NOV 2015
পৃষ্ঠা 2 কলাম 2

## শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির দাবি

# কাফনের কাপড় মাথায় বেঁধে প্রতিবাদ

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্তির দাবিতে গতকাল সোমবার কাফনের কাপড় মাথায় বেঁধে প্রতিবাদ কর্মসূচি পালন করেছেন নন-এমপিও শিক্ষকরা। আজ মঙ্গলবার তারা একই কর্মসূচি পালন করবেন। পাশাপাশি চলবে টানা অবস্থান কর্মসূচি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নিম্ন মাধ্যমিক-মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি ও মাদ্রাসার স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে 'নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন'-এর ব্যানারে এমপিওভুক্তির দাবিতে আন্দোলনের ২২তম দিনে মাথায় কাফনের কাপড় বেঁধে প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়।

গতকাল অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে বক্তব্য দেন দৈনিক নবচেতনার সম্পাদক ও বঙ্গবন্ধু ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি লায়ন মো. সাখাওয়াত হোসেন, সিলেট বিভাগ জনস্বার্থ সংরক্ষণ পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি মুক্তিযোদ্ধা রাজিউল ইসলাম তালুকদার রাজু, বাসদের কেন্দ্রীয় নেতা রাজেকুজ্জামান রতন প্রমুখ। বক্তারা শিক্ষাব্যবস্থায় বৈষম্য দূর করে অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির ন্যায্য দাবি মেনে নেওয়ার আহ্বান জানান।

কর্মসূচিতে আন্দোলনরত শিক্ষক-কর্মচারীদের উদ্দেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ মো. এশারত আলী, সাধারণ সম্পাদক তাপস কুমার কুণ্ডু, সহসভাপতি আলহাজ কাজী নুরুল হক, অধ্যক্ষ সাজ্জাদ হোসেন, সিনিয়র যুগ্ম সম্পাদক শফিকুল ইসলাম, মহিলাবিষয়ক সম্পাদক মোছা. বেলোয়ারা খানম প্রমুখ।